

## রাজ্য পুলিশকে চরম ঝুঁকি সংক্রান্ত সুরক্ষার নির্দেশ প্রদান করে

**যেখানে,** আগ্নেয়াস্ত্র সহ সহিংসতা গার্হস্থ্য চরমপন্থীদের দ্বারা নিয়োজিত সব চেয়ে মারাত্মক কৌশল হিসাবে রয়ে গেছে, সহিংস শ্বেতাঙ্গ আধিপত্যবাদী চরমপন্থীরা "প্রতিস্থাপন তত্ত্ব" দ্বারা অনুপ্রাণিত হয়ে অক্টোবর 2018-এ পিটসবার্গ, পেনসিলভানিয়ায় একটি সিনাগগকে লক্ষ্য করে মারাত্মকভাবে গুলি বর্ষণ করে; এপ্রিল 2019-এ পোওয়ে, ক্যালিফোর্নিয়ায় একটি সিনাগগে; এবং আগস্ট 2019 এ একটি এল পাসো, টেক্সাসের ওয়ালমার্টে একই কাজ করে;

**যেখানে,** 14 মে, 2022-এ বাফেলো, NY-তে, একটি সুপারমার্কেটে শ্বেত আধিপত্যবাদী গার্হস্থ্য সন্ত্রাসের একটি ক্রিয়াকলাপে একটি উচ্চ-ক্ষমতাসম্পন্ন ম্যাগাজিন দিয়ে সজ্জিত একটি আধা-স্বয়ংক্রিয় রাইফেল দিয়ে 10 জনকে হত্যা করা হয়েছিল, যা ভবিষ্যতে অনুরূপ বিযোগান্ত ঘটনা ঘটা প্রতিরোধ করার জন্য বর্ধিত সতর্কতার প্রয়োজনীয়তা প্রদর্শন করে;

**যেখানে,** সেন্টার ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ অনুযায়ী 2011 থেকে 2021 সাল পর্যন্ত অভ্যন্তরীণ চরমপন্থী হামলা এবং চক্রান্তের সংখ্যা তিনগুণেরও বেশি হয়েছে দাঁড়িয়েছে, 2021 সালে "38টি শ্বেতাঙ্গ আধিপত্যবাদী এবং অন্যান্য সম-মনস্ক সন্ত্রাসী হামলা এবং চক্রান্ত" সহ;

**যেখানে,** পূর্বেই এই ক্রমবর্ধমান, নিউ ইয়র্ক রাজ্যে ঘন ঘন ঘটনা বিপদ থেকে জনসাধারণকে রক্ষা করার জন্য অবিলম্বে নিষ্পত্তিমূলক পদক্ষেপ নেওয়া প্রয়োজন; এবং

**সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল,** নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ব বলে, এতদ্বারা নিম্নোক্ত আদেশ প্রদান করছি:

নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) নিশ্চিত করবে যে তার শপথ নেওয়া সদস্যদের প্রশিক্ষিত করা হয়েছে এবং সিভিল প্র্যাকটিস আইন এবং বিধিগুলির 63-A অনুচ্ছেদ অনুযায়ী একটি চরম ঝুঁকির সুরক্ষার আদেশের জন্য একটি আবেদন ফাইল করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের সকল শপথ নেওয়া সদস্যদের অবশ্যই একটি আবেদন দাখিল করতে হবে, যা শপথের অধীনে হবে এবং সমর্থনকারী নথিপত্র তার সাথে থাকবে, তাতে একটি অস্থায়ী চরম ঝুঁকি সংক্রান্ত সুরক্ষার আদেশ জারি করার ন্যায্যতা ব্যাখ্যা করা থাকবে যখন এ কথা মনে করার সম্ভাব্য কারণ আছে যে প্রতিবাদী এমন আচরণ করতে পারেন যা তার নিজের বা অন্যান্যদের গুরুত্বপূর্ণ ক্ষতি করতে পারে, যেমন মানসিক স্বাস্থ্যবিধি আইনের ধারা 9.39-এর উপবিভাগ (a) এর এক বা দুই অনুচ্ছেদে সংজ্ঞায়িত করা হয়েছে। সিভিল প্র্যাকটিস আইন এবং বিধিগুলির (Civil Practice Laws and Rules) 63-A

অনুচ্ছেদ অনুযায়ী প্রতিবাদী যে কাউন্টিতে থাকেন সেই কাউন্টির সুপ্রিম কোর্টে এই আবেদন এবং তার সমর্থনকারী নথিপত্র দাখিল করা হবে।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব

সীলমোহরের অধীনে,

অ্যালবানি শহরে দুই হাজার

বাইশ সালের মে মাসের

আঠেবোতম দিনে এটি প্রদান

করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব